দৈনিক সংবাদ

বাংলাদেশ তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 23 JAN 1989
পৃষ্ঠা ... কলাম 8

14

22

# ৮ই ফেব্রুয়ারী ইউকসু ও হল সংসদ নির্বাচন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ৮ই ফেব্রুয়ারী বুধবার প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) এবং হল সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা করেছে। নির্বাচনী তফসিল পরে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ পরিচালক স্বাক্ষরিত

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## হল সংসদ নির্বাচন

(১ম পাতার পর)

নোটিশে উল্লেখ করা হয়েছে।

দীর্ঘ আট বছরের ব্যবধানে পুনরায় ইউকসু নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইউকসু নিয়ে জল্পনা-কল্পনা শুরুর পর থেকে বিভিন্ন ছাত্র সংগঠন বুয়েটে তাদের কার্যক্রম আরো জোরদার করেছে। উল্লেখ্য, ইউকসুতে ভিপি, জিএস, এজিএস-সহ কর্মকর্তা পর্যায়ের সাতটি পদ রয়েছে। অন্য পদগুলো হচ্ছে বার্ষিকী, সাংস্কৃতিক, আন্তঃক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক। হল সংসদে রয়েছে ১৩টি পদ, যার ভিপি পদাধিকারবলে ইউকসুর সদস্য। ছাত্রী হল-সহ মোট ন'টি হলে একই দিনে হল সংসদসমূহের নির্বাচন অনুষ্ঠিত হবে।